

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/ওপি-১৫/৯৯/৪০

তারিখ: ১৫-৪-২০০৩ খ্রিঃ
০২-০১-১৪১০ বাং

বিষয়: মৃত বেসামরিক সরকারি কর্মকর্তা/ কর্মচারীর বিবাহিতা কন্যা/ কন্যাগণের পেনশন/ আনুতোষিক প্রাপ্যতা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, মৃত বেসামরিক সরকারি কর্মকর্তা/ কর্মচারীর বিবাহিতা কন্যা/ কন্যাগণ ছাড়া অপর কোন বৈধ ওয়ারিশ না থাকলে সেক্ষেত্রে তাঁর পেনশন/ আনুতোষিকের টাকা বেসামরিক সরকারি চাকুরীদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/ পদ্ধতি অধিকতর সহজীকরণ স্মারক নং-অম/ অবি/ বিধি-১/ওপি-২৬/৮৬ (অংশ)-২/১৩৫ এর ৩.০২ অনুচ্ছেদে উল্লিখিত ২৫ বৎসরের ঊর্ধ্বে পুত্র সন্তানের প্রাপ্যতার অনুরূপ শর্তে মৃত বেসামরিক সরকারি কর্মকর্তা/ কর্মচারীর বিবাহিতা কন্যা/ কন্যাগণ প্রচলিত বিধিগত পদ্ধতিতে ও হারে প্রাপ্য হবেন।

মোঃ শরাফত আলী
সহকারী সচিব